গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সচিব, খাদ্য মন্ত্রণালয়

## এবং

## মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

খাদ্য মন্ত্রণালয় দেশের জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিগত ৩ বছরে ৬৬.১৩ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ এবং ৬৩.০৭ লাখ মে: টন বিতরণ করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে হতদরিদ্র ৫০ লাখ পরিবারকে বছরের ৫ মাস কর্মাভাব সময়ে প্রতি কেজি চাল মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে ফলে প্রায় ২.৫০ কোটি জনসাধারণ উপকৃত হচ্ছে । প্রতিদিন প্রায় ২০০ মেট্রিক টন গম পেষণ ক্ষমতা বিশিষ্ট একটি আধুনিক ময়দা মিল স্থাপন করা হয়েছে। মোংলায় ৫০,০০০ মে.টন ধারণ ক্ষমতাসম্পন্ন একটি গ্রেইন সাইলো, বগুড়ার সান্তাহারে ২৫,০০০ মে.টন ধারণ ক্ষমতাসম্পন্ন একটি মাল্টিস্টোরিড ওয়্যারহাউজ নির্মাণ করা হয়েছে। এছাড়া, দেশের দুর্যোগপ্রবণ এলাকায় ৩,১৮,৯২৩টি পারিবারিক সাইলো বিতরণ করা হয়েছে। পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পুষ্টি সংবেদনশীল ২য় রাষ্ট্রীয় বিনিয়োগ পরিকল্পনা ২০১৬-২০২০ (CIP-2) প্রণয়ন করা হয়েছে। নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর অধীনে ২টি বিধিমালা, ৬টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচারণাসহ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অধীনে ৩৬৫টি পদ সৃজন করা হয়েছে। বিগত দুই বছর ধরে ২রা ফেব্রয়ারিকে জাতীয় নিরাপদ খাদ্য দিবস হিসেবে পালন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ক্রমবর্ধমান জনসংখ্যা, বিদ্যমান দারিদ্র্য ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনাসহ নারী ও শিশুবান্ধব, আপদকালীন, জলবায়ুসহিষ্ণু খাদ্য নিরাপত্তা মজুত ও বিতরণে উদ্ভাবনী কর্মসূচি গ্রহণ, পুষ্টিসম্মত নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে, অনিরাপদ ও ভেজাল খাদ্য প্রতিরোধে নিয়মকানুন প্রবর্তন, সমন্বয় এবং পরিবীক্ষণ। গার্মেন্টস শ্রমিকসহ শ্রমজীবী ও ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারীদের জন্য বিশেষ খাদ্য সহায়তা কর্মসূচীর আওতা সম্প্রসারণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে গার্মেন্টস, শিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে পুষ্টি চাল বিতরণ, প্রসূতি ও দু:স্থ মাতাদের জন্য পুষ্টি সহায়তা প্রদান এবং খাদ্য বান্ধব কর্মসূচি সম্প্রসারণ। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগ, ল্যাবরেটরি স্থাপন এবং প্রয়োজনীয় বিধি/প্রবিধি প্রণয়ন। সরকারী খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাপনায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মাত্র ১০ টাকা কেজি দরে ৫০ লাখ পরিবারের মধ্যে ৭.২৫ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিক্রয়;
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে ২৬.০০ লাখ মেঃ টন খাদ্যশস্য সংগ্রহ;
- নিম্নআয়ের জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ২৫.৪৫ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সরবরাহ/বিক্রয়;
- নিরাপদ খাদ্য আইন,২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে ২টি প্রবিধানমালা প্রণয়ন এবং ২টি সমঝোতা স্মারক স্বাক্ষর;
- সরকারী খাদ্য গুদামের ধারণক্ষমতা ২২.০০ লাখ মেট্রিক টনে উন্নীতকরণ
- বিভিন্ন স্থানে ৫০ টি খাদ্য গুদাম এবং আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে ৩টি আধুনিক স্টীল সাইলো নির্মাণ
- জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতিমালার চূড়ান্ত খসড়া প্রণয়ন এবং এ সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনা

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য পর্যাপ্ত , নিরাপদ ও পুষ্টিকর খাদ্য

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমন্বিত নীতি কৌশল এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য নিরাপদ, পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
২. কৃষকদের প্রণোদনা মূল্য নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুত গড়ে তোলা
৩. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন
৪. সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য সরবরাহ জোরদারকরণ
৫. খাদ্য সংরক্ষণাগার আধুনিকায়ন ও ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ
৬. খাদ্যশস্যের (ধান, চাল ও গম) বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ
৩. খাদ্যশস্য (ধান, চাল ও গম) সংগ্রহ, মজুদ, চলাচল ও বিতরণ
৪. খাদ্যশস্যের সংগ্রহমূল্য নির্ধারণ, মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও প্রাপ্যতা সহজলভ্যকরণ
৫. খাদ্যশস্য মজুদ, সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ
৬. খাদ্য পরিকল্পনা, গবেষণা ও পরিধারণ
৭. নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর বাস্তবায়ন

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| খাদ্যের অপচয় হ্রাস | মজুত ঘাটতির হার | % | - | - | ০.৪০ | ০.৩৮ | ০.৩৬ | | খাদ্য অধিদপ্তর |
| | পরিবহন ঘাটতির হার | % | - | - | ০.১২০ | ০.১১৯ | ০.১১৮ | | খাদ্য অধিদপ্তর |
| কৃষকদের প্রণোদনা অব্যাহত রাখা | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১০ | কৃষি মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১,০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় |
| নিরাপদ খাদ্য ও পুষ্টি পরিস্থিতির উন্নতি | অপুষ্টির হার | % | ১৬.৪ | ১৫.২০ | ১৪.৮ | ১৪.৬ | ১৪.৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় |
| | খাদ্যে ভেজাল হ্রাস | % | ৯.৫০ | ৯.৪০ | ৯.৩০ | ৯.২০ | ৯.১০ | | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | খাদ্যবান্ধব কর্মসূচিতে চালের মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৩২৮ | ০.৩২৮ | ০.৩২৯ | ০.৩৩০ | ০.৩৩৩ | | খাদ্য মন্ত্রণালয় |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ২০ | [১.১] খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভা | [১.১.১] সভা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৩ |
| | | [১.২] খাদ্য ও পুষ্টি নিরাপত্তা সম্পর্কিত গবেষণা কার্যক্রম | [১.২.১] চূড়ান্ত খসড়া রিপোর্ট প্রকাশিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ৩ | | ৮ | ১০ |
| | | | [১.২.২] প্রকাশিত রিপোর্ট এর ভিত্তিতে কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ২ | | | | | ৩ | ৪ |
| | | [১.৪] খাদ্য পরিস্থিতি মনিটরিং | [১.৪.১] রিপোর্ট প্রকাশিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩১ | ৩১ | ৩১ | ২৯ | ২৮ | ২৭ | ২৬ | ৩১ | ৩১ |
| | | [১.৫] জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতিমালা প্রণয়ন। | [১.৫.১] নীতিমালার চূড়ান্ত খসড়া প্রণীত | তারিখ | তারিখ | ২ | | | ৩১.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [১.৬] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক জেলা/ উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শন | [১.৬.১] পরিদর্শনের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৪৫ | ৫০ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৫২ | ৭০ | ৮০ |
| | | [১.৭] পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | গড় | % | ১ | ৬৫ | ৬৫ | ৭৫ | ৭২ | ৭০ | ৬৭ | ৬৫ | ৭৫ | ৭৫ |
| | | [১.৮] চলাচল সূচী ম্যানুয়াল হালনাগাদকরণ | [১.৮.১] হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [১.৯] জাতীয় খাদ্যগ্রহণ নির্দেশিকা হালনাগাদকরণ | [১.৯.১] হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০৫.২০ | ৩১.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [১.১০] খাদ্য অধিদপ্তরের বদলি নীতিমালা হালনাগাদকরণ | [১.১০.১] হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.১১] সামাজিক নিরাপত্তা বিষয়ক খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ক্লাস্টার কমিটির সভা | [১.১১.১] সভা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.১২] আন্তঃসংস্থা সমন্বয় | [১.১২.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [১.১৩] গুদাম ঘাটতি কমানো | [১.১৩.১] হ্রাসকৃত ঘাটতির হার | গড় | % | ১ | | | ০.৪০ | ০.৪২ | ০.৪৪ | ০.৪৬ | ০.৪৮ | ০.৩৮ | ০.৩৭ |
| | | [১.১৪] পরিবহণ ঘাটতি কমানো | [১.১৪.১] হ্রাসকৃত ঘাটতির হার | গড় | % | ১ | | | ০.১২০ | ০.১২১ | ০.১২২ | ০.১২৩ | ০.১২৪ | ০.১১৯ | ০.১১৮ |
| | | [১.১৫] খাদ্য নীতি ও উপাত্ত সংক্রান্ত অনলাইন ডাটাবেজ হালনাগাদকরণ | [১.১৫.১] হালনাগাদকরণ | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| [২] কৃষকদের প্রণোদনা মূল্য নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুত গড়ে তোলা | ১৯ | [২.১] চাল সংগ্রহ | [২.১.১] সংগৃহীত চাল | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ১০ | | | ২১.০০ | ২০.৫০ | ২০.০০ | ১৯.৫০ | ১৯.০০ | ২২.০০ | ২৩.০০ |
| | | [২.২] বছর শেষে ন্যূনতম মজুত গড়ে তোলা | [২.২.১] মজুতকৃত খাদ্যশস্য | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ৫ | | | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ১০.০০ | ১০.০০ |
| | | [২.৩] স্থানীয় ও আন্তর্জাতিক বাজার হতে গম সংগ্রহ | [২.৩.১] সংগৃহীত গম | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ২ | | ৪ | ৫.০০ | ৪.৮০ | ৪.৬০ | ৪.৫০ | ৪.৪০ | ৬.০০ | ৭.০০ |
| | | [২.৪] বস্তা ক্রয় | [২.৪.১] ক্রয়কৃত পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ পিস | ২ | | | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৬০০ | ৭০০ |
| [৩] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ১৪ | [৩.১] ভেজাল বিরোধী অভিযান | [৩.১.১] অভিযান পরিচালিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৭০ | ১০০ |
| | | [৩.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যের মান পরীক্ষা | [৩.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪১০ | ১২০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ২০০০ | ২৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে কর্মশালা আয়োজন | [৩.৩.১] অনুষ্ঠিত ইভেন্ট | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১৪ | ১২ | ১০ | ৮ | ৭ | ১৬ | ২০ |
| | | [৩.৪] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনের পরিমান | ক্রমপুঞ্জিভূত | হাজার | ২ | | ৫.০ | ১২.০০ | ১১.৭৫ | ১১.৫০ | ১১.২৫ | ১১.০০ | ১৩.০০ | ১৪.০০ |
| | | [৩.৫] টিভিসির মাধ্যমে প্রচার (টেলিভিশন বিজ্ঞাপন) | [৩.৫.১] প্রচারকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ৪ | ৬ |
| | | [৩.৬] শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচী | [৩.৬.১] অনুষ্ঠিত ইভেন্ট | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ৪ | ৬ |
| | | [৩.৭] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৭.১] জনবলের পরিমান | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | ১৫০ | ২৫০ | ২২৫ | ২০০ | ১৭৫ | ১৫০ | ৩০০ | ৪০০ |
| | | [৩.৮] নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা প্রণয়ন | [৩.৮.১] প্রবিধানমালার খসড়া প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [৩.৯] নিরাপদ খাদ্য (ঝুঁকিপূর্ণ ও বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানমালা প্রণয়ন | [৩.৯.১] প্রবিধানমালার খসড়া প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২০ | ১৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৪] সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য সরবরাহ জোরদারকরণ | ১৩ | [৪.১] খাদ্যবান্ধব কর্মসূচি | [৪.১.১] বিতরণকৃত চালের পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ৬ | ৫.৫০ | ৬.৫০ | ৭.২৫ | ৭.১৫ | ৭.০০ | ৬.৯০ | ৬.৭৫ | ৭.৫০ | ৭.৫০ |
| | | [৪.২] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | [৪.২.১] বিতরণকৃত খাদ্যশস্যের পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ৪ | ৯.০০ | ৯.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৭.৫০ | ১১.০০ | ১১.৫০ |
| | | [৪.৩] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৪.৩.১] সরবরাহকৃত চালের পরিমান | ক্রমপুঞ্জিভূত | হাজার মে: টন | ২ | ৯.০০ | ৩০.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৭০ | ৯০ |
| | | [৪.৪] চা শ্রমিক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ অন্যান্যদের নিকট স্বল্পমূল্যে খাদ্যশস্য বিক্রয় | [৪.৪.১] বিক্রিত খাদ্যশস্যের পরিমান | ক্রমপুঞ্জিভূত | হাজার মে: টন | ১ | ২০ | ২০ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২২ | ২৫ |
| [৫] খাদ্য সংরক্ষণাগার আধুনিকায়ন ও ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | ৫ | [৫.১] আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ। | [৫.১.১] ভৌতকাজের নির্মাণ সম্পন্ন | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩২ | ৬০ | |
| | | [৫.২] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [৫.২.১] মেরামতকৃত স্থাপনা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৩০ | ৩৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৭০ |
| | | [৫.৩] নতুন গুদাম ও অন্যান্য আনুষংঙ্গিক নির্মাণ | [৫.৩.১] নির্মিত স্থাপনা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ২৫ | ৫০ | ৫৫ | ৫৩ | ৫২ | ৫১ | ৫০ | ৭০ | ৮০ |
| | | [৫.৪] পারিবারিক সাইলো বিতরণ | [৫.৪.১] বিতরণকৃত সাইলো | ক্রমপুঞ্জিভূত | হাজার | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | | |
| [৬] খাদ্যশস্যের (ধান, চাল ও গম) বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণ | ৪ | [৬.১] খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি | [৬.১.১] বিক্রিত খাদ্যশস্যের পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ২ | ১.৫০ | ১.৪০ | ৩.৫০ | ৩.০০ | ২.৭৫ | ২.৫০ | ২.২৫ | ৪.০০ | ৪.৫০ |
| | | [৬.২] সরকারী ময়দা মিলে আটা উৎপাদন বৃদ্ধি | [৬.২.১] উৎপাদিত আটা (প্রতিদিন) | গড় | মে: টন | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | [৬.৩] জরুরী গ্রাহকদের খাদ্যশস্য সরবরাহ | [৬.৩.১] বিতরণকৃত খাদ্যশস্যের পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মে: টন | ১ | ২.৪০ | ২.৫০ | ৩.৪০ | ৩.২০ | ৩.০০ | ২.৮০ | ২.৬০ | ৩.৬০ | ৩.৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিস্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>খাদ্য মন্ত্রণালয় | ২৬/০৭/২০১৯<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২৬.০৭.২০১৯<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ২ | পিএফডিএস | পাবলিক ফুড ডিষ্ট্রিবিউশন সিস্টেম |
| ৩ | এফপিএমইউ | ফুড প্ল্যানিং এন্ড মনিটরিং ইউনিট, খাদ্য মন্ত্রণালয় |
| ৪ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৫ | বিএফএসএ | বাংলাদেশ ফুড সেফ্টি অথোরিটি (বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ) |
| ৬ | জরুরী গ্রাহক | সেনাবাহিনী, পুলিশ, আনসার, ফায়ারসার্ভিস কর্মী, কারারক্ষী, বিজিবি ও অন্যান্য |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভা | [১.১.১] সভা অনুষ্ঠিত | সভার আয়োজন করা হবে | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.২] খাদ্য ও পুষ্টি নিরাপত্তা সম্পর্কিত গবেষণা কার্যক্রম | [১.২.১] চূড়ান্ত খসড়া রিপোর্ট প্রকাশিত | গবেষণার ফলাফল প্রকাশ | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| | [১.২.২] প্রকাশিত রিপোর্ট এর ভিত্তিতে কর্মশালা আয়োজন | গবেষণার ফলাফলের ভিত্তিতে কর্মশালা আয়োজন করা হবে। | এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় | কর্মশালার সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৩] জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | সভার আয়োজন করা হবে | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৪] খাদ্য পরিস্থিতি মনিটরিং | [১.৪.১] রিপোর্ট প্রকাশিত | পাক্ষিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক রিপোর্ট প্রকাশ করা হবে। | এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৫] জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতিমালা প্রণয়ন। | [১.৫.১] নীতিমালার চূড়ান্ত খসড়া প্রণীত | নীতিমালা প্রণয়ন করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | তারিখ | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৬] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক জেলা/ উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শন | [১.৬.১] পরিদর্শনের সংখ্যা | কর্মকর্তাগণ কর্তৃক জেলা/উপজেলা পরিদর্শন করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৭] পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশের ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। | খাদ্য অধিদপ্তর | % | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৮] চলাচল সূচী ম্যানুয়াল হালনাগাদকরণ | [১.৮.১] হালনাগাদকৃত | খাদ্যশস্য চলাচল সূচী নীতিমালা হালনাগাদকরণ করা হবে | খাদ্য মন্ত্রণালয় | তারিখ | খাদ্য মন্ত্রণালয় |
| [১.৯] জাতীয় খাদ্যগ্রহণ নির্দেশিকা হালনাগাদকরণ | [১.৯.১] হালনাগাদকৃত | জাতীয় খাদ্যগ্রহণ নির্দেশিকা হালনাগাদকরণ করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.১০] খাদ্য অধিদপ্তরের বদলি নীতিমালা হালনাগাদকরণ | [১.১০.১] হালনাগাদকৃত | খাদ্য অধিদপ্তরের বদলি নীতিমালা হালনাগাদকরণ করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | তারিখ | খাদ্য মন্ত্রণালয় |
| [১.১১] সামাজিক নিরাপত্তা বিষয়ক খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ক্লাস্টার কমিটির সভা | [১.১১.১] সভা অনুষ্ঠিত | সামাজিক নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ক্লাস্টার কমিটির সভা করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য মন্ত্রণালয় |
| [১.১২] আন্তঃসংস্থা সমন্বয় | [১.১২.১] স্বাক্ষরিত সমঝোতা স্বারক | বিভিন্ন সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১৩] গুদাম ঘাটতি কমানো | [১.১৩.১] হ্রাসকৃত ঘাটতির হার | গুদামে চাল/গম রাখার ফলে কিছুদিন পর ঘাটতি দেখা দেয়। সেই ঘাটতির হার কমিয়ে আনা হবে। | খাদ্য অধিদপ্তর | % | খাদ্য অধিদপ্তর |
| [১.১৪] পরিবহণ ঘাটতি কমানো | [১.১৪.১] হ্রাসকৃত ঘাটতির হার | খাদ্যশস্য পরিবহনের সময় ঘাটতি দেখা দেয়। সেই ঘাটতির হার কমিয়ে আনা হবে। | খাদ্য অধিদপ্ত | % | খাদ্য অধিদপ্তর |
| [১.১৫] খাদ্য নীতি ও উপাত্ত সংক্রান্ত অনলাইন ডাটাবেজ হালনাগাদকরণ | [১.১৫.১] হালনাগাদকরণ | এফপিএমইউ কর্তৃক পরিচালিত খাদ্য নীতি ও উপাত্ত সংক্রান্ত অনলাইন ডাটাবেজ হালনাগাদকরণ করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | হালনাগাদকৃত | এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় |
| [২.১] চাল সংগ্রহ | [২.১.১] সংগৃহীত চাল | চাল সংগ্রহ, চাল আমদানী এবং ধান সংগ্রহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ: মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [২.২] বছর শেষে ন্যূনতম মজুত গড়ে তোলা | [২.২.১] মজুতকৃত খাদ্যশস্য | বছর শেষে নূনতম মজুত গড়ে তোলা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [২.৩] স্থানীয় ও আন্তর্জাতিক বাজার হতে গম সংগ্রহ | [২.৩.১] সংগৃহীত গম | অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ এবং বিদেশ হতে গম আমদানী করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [২.৪] বস্তা ক্রয় | [২.৪.১] ক্রয়কৃত পরিমান | খাদ্যশস্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় বস্তা ক্রয় করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ পিস | খাদ্য অধিদপ্তর |
| [৩.১] ভেজাল বিরোধী অভিযান | [৩.১.১] অভিযান পরিচালিত | খাদ্য ভেজাল রোধ ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করা হবে। | বিএফএসএ | সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| [৩.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যের মান পরীক্ষা | [৩.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | খাদ্য নিরাপদ কিনা তা পর্যবেক্ষণের জন্য খাদ্যের মান পরীক্ষা করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| [৩.৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে কর্মশালা আয়োজন | [৩.৩.১] অনুষ্ঠিত ইভেন্ট | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালার আয়োজন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| [৩.৪] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনের পরিমান | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে পরিদর্শকগণ কর্তৃক খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন করা হবে। | বিএফএসএ | সংখ্যা | বিএফএসএ |
| [৩.৫] টিভিসির মাধ্যমে প্রচার (টেলিভিশন বিজ্ঞাপন) | [৩.৫.১] প্রচারকৃত | TVC (Television commercial, is an audio visual advertisement) এর মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনা সংক্রান্ত প্রচার করা হবে। | বিএফএসএ | সংখ্যা | বিএফএসএ |
| [৩.৬] শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচী | [৩.৬.১] অনুষ্ঠিত ইভেন্ট | নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়ে কর্মশালা করা হবে। | বিএফএসএ | সংখ্যা | বিএফএসএ |
| [৩.৭] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৭.১] জনবলের পরিমান | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের (হোটেল ব্যবসায়ী এবং ফল বিক্রেতা) প্রশিক্ষণ প্রদান করা হবে। | বিএফএসএ | সংখ্যা | বিএফএসএ |
| [৩.৮] নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা প্রণয়ন | [৩.৮.১] প্রবিধানমালার খসড়া প্রণীত | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা প্রণয়ন করা হবে। | বিএফএসএ | তারিখ | বিএফএসএ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৯] নিরাপদ খাদ্য (ঝুঁকিপূর্ণ ও বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানমালা প্রণয়ন | [৩.৯.১] প্রবিধানমালার খসড়া প্রণীত | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা প্রণয়ন করা হবে। | বিএফএসএ | তারিখ | বিএফএসএ |
| [৪.১] খাদ্যবান্ধব কর্মসূচি | [৪.১.১] বিতরণকৃত চালের পরিমান | ৫০ লাখ হতদরিদ্র পরিবারকে (প্রায় ২.৫০ কোটি জনগণ) বছরের ৫ মাস প্রতি কেজি চাল ১০ টাকা মূল্যে বিক্রয় করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৪.২] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | [৪.২.১] বিতরণকৃত খাদ্যশস্যের পরিমান | ভিজিডি, টিআর, মৎসজীবী, জিআর ইত্যাদি ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৪.৩] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৪.৩.১] সরবরাহকৃত চালের পরিমান | চালের সাথে বিভিন্ন অনুপুষ্টি (আয়রন, জিংক, ভিটামিন, আমিষ, মিনারেল) ইত্যাদি সংযুক্ত করে সরবরাহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | হাজার মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৪.৪] চা শ্রমিক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ অন্যান্যদের নিকট স্বল্পমূল্যে খাদ্যশস্য বিক্রয় | [৪.৪.১] বিক্রিত খাদ্যশস্যের পরিমান | চা শ্রমিক ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ অন্যান্যদের নিকট স্বল্পমূল্যে খাদ্যশস্য বিক্রয় (চাল প্রতি কেজি ৩০ টাকা এবং আটা প্রতি কেজি ১৮ টাকা দরে) বিক্রয় করা হবে। | খাদ্য অধিদপ্তর | হাজার মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৫.১] আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ। | [৫.১.১] ভৌতকাজের নির্মাণ সম্পন্ন | আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ (চালের সাইলো) করা হবে। | খাদ্য অধিদপ্তর | % | খাদ্য অধিদপ্তর |
| [৫.২] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [৫.২.১] মেরামতকৃত স্থাপনা | জরাজীর্ণ খাদ্য গুদামসমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামত করা হবে। | খাদ্য অধিদপ্তর | সংখ্যা | খাদ্য অধিদপ্তর |
| [৫.৩] নতুন গুদাম ও অন্যান্য আনুষংঙ্গিক নির্মাণ | [৫.৩.১] নির্মিত স্থাপনা | নতুন গুদাম, অফিস ভবন ও রাস্তা নির্মাণ করা হবে। | খাদ্য অধিদপ্তর | সংখ্যা | খাদ্য অধিদপ্তর |
| [৫.৪] পারিবারিক সাইলো বিতরণ | [৫.৪.১] বিতরণকৃত সাইলো | প্রাকৃতিক দুর্যোগের সময় খাদ্যশস্যসহ অন্যান্য সামগ্রী রক্ষার জন্য ৫৬ কেজি চাল ধারণ ক্ষমতাসম্পন্ন সাইলো বিতরণ করা হবে। | খাদ্য মন্ত্রণালয় | সংখ্যা | খাদ্য অধিদপ্তর |
| [৬.১] খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি | [৬.১.১] বিক্রিত খাদ্যশস্যের পরিমান | বাজার মূল্য স্থিতিশীল রাখার জন্য ওএমএস (ওপেন মার্কেট সেল) কর্মসূচীর মাধ্যমে চাল প্রতি কেজি ৩০ টাকা এবং আটা প্রতি কেজি ১৮ টাকা দরে খাদ্যশস্য বিক্রয় করা হবে। | খাদ্য অধিদপ্তর | লাখ মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৬.২] সরকারী ময়দা মিলে আটা উৎপাদন বৃদ্ধি | [৬.২.১] উৎপাদিত আটা (প্রতিদিন) | ঢাকার পোস্তগোলায় অবস্থিত ময়দা মিলের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা হবে। | খাদ্য অধিদপ্তর | মে: টন | খাদ্য অধিদপ্তর |
| [৬.৩] জরুরী গ্রাহকদের খাদ্যশস্য সরবরাহ | [৬.৩.১] বিতরণকৃত খাদ্যশস্যের পরিমান | সেনাবাহিনী, পুলিশ, আনসার, ফায়ারসার্ভিস কর্মী, কারারক্ষী, বিজিবি ও অন্যান্যদের রেশন সরবরহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | মে: টন | খাদ্য অধিদপ্তর |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমান | নিদিষ্ট সময়ে বরাদ্দপত্র জারী | বরাদ্দপত্র জারী না হলে খাদ্যশস্য বিতরণ করা সম্ভব নয় | বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমান | নিদিষ্ট সময়ে বরাদ্দপত্র জারী | বরাদ্দপত্র জারী না হলে খাদ্যশস্য বিতরণ করা সম্ভব নয় | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমান | নিদিষ্ট সময়ে বরাদ্দপত্র জারী | বরাদ্দপত্র জারী না হলে খাদ্যশস্য বিতরণ করা সম্ভব নয় | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |